

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪৮৭

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৩. তৃতীয় অনুচ্ছেদ - চুল আঁচড়ানো

আরবী

وَعَن ابنِ الْمسيب سُمِعَ يَقُولُ: إِنَّ اللَّهَ طَيِّبٌ يُحِبُّ الطِّيبَ نَظِيفٌ يُحِبُّ النَّطَافَةَ كَرِيمٌ يُحِبُّ النَّطَافَةَ كَرِيمٌ يُحِبُّ الْكَرَمَ جَوَادٌ يُحِبُّ الْجُودَ فَنَظِّفُوا أُرَاهُ قَالَ: أَفْنِيَتَكُمْ وَلَا تشبَّهوا باليهود قَالَ: فَذكرتُ ذَلِك لمهاجرين مِسْمَارٍ فَقَالَ: حَدَّثَنِيهِ عَامِرُ بْنُ سَعْدٍ عَنْ أَبِيهِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِثْلَهُ إِلَّا أَنَّهُ قَالَ: «نَظِّفُوا أَفْنِيتَكُمْ» . رَوَاهُ التِّرْمِذِي

বাংলা

88৮৭-[৬৯] [সলিহ ইবনু আবূ হাসসান (রহিমাহুল্লাহ)] সা'ঈদ ইবনুল মুসাইয়়াব (রহিমাহুল্লাহ) হতে শুনেছেন। তিনি [সা'ঈদ ইবনুল মুসাইয়়াব (রহিমাহুল্লাহ)] বলেনঃ নিশ্চয়় আল্লাহ তা'আলা পবিত্র, তিনি পবিত্রতাকেই ভালোবাসেন। তিনি পরিচছয়, তাই পরিচছয়তাকেই পছন্দ করেন। তিনি দয়ালুও, তাই দয়া করাকে ভালোবাসেন। তিনি দাতা, তাই দানশীলতাকে পছন্দ করেন। সুতরাং তোমরা নিজেদের পরিষ্কার-পরিচ্ছয় রাখো। রাবী বলেন, সম্ভবতঃ ইবনু মুসাইয়়াব বলেছেনঃ তোমাদের (ঘর-দুয়ার ও) আঙ্গিনাকে ইয়াহূদীদের মতো (অপরিচ্ছয়) রেখো না। বর্ণনাকারী বলেন, ইবনু মুসাইয়়াব-এর বর্ণিত এ কথাগুলো আমি মুহাজির ইবনু মিসমার-এর কাছে বর্ণনা করলাম। তখন তিনি বললেনঃ অবিকল এ কথাগুলো আমাকে 'আমির ইবনু সা'দ তাঁর পিতার মাধ্যমে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। তবে তিনি নিঃসন্দেহে বলেছেনঃ তোমরা নিজেদের আঞ্চিনাকে পরিষ্কার-পরিচ্ছয় রাখো। (তিরমিয়ী)[1]

ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ২৭৯৯, য'ঈফুল জামি'উস্ সগীর ১৬১৬, মুসনাদে আবূ ইয়া'লা ৭৯১,

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে ''খালিদ ইবনু ইলইয়াস'' য'ঈফ রাবী। তার ব্যাপারে ইবনু হিবরান বলেনঃ এ রাবী বিশ্বস্ত রাবীদের নিকট থেকে হাদীস জাল করত। কাজেই এ ব্যক্তি হাদীস জালকারী। ইমাম বুখারী বলেনঃ সে মুনকারুল হাদীস কোন কিছুই না। ইমাম নাসায়ী বলেন যে, মাতরূকুল হাদীস। বিস্তারিত দেখুন- তুহফাতুল আহওয়াযী ৮/৬৮, হাঃ ২৭৯৯।



ব্যাখ্যা

ব্যাখ্যাঃ নিশ্চয় আল্লাহ তা'আলা সকল প্রকার দোষ-ক্রটি থেকে মুক্ত এবং পবিত্র। তিনি পবিত্রতা তথা উত্তম অবস্থা উত্তম কথা, বান্দার সুগন্ধি মাখা ও পরিষ্কার-পরিচ্ছন্ন 'আমল পছন্দ করেন। তিনি পরিষ্কার, তাই পরিষ্কারকে পছন্দ করেন। তিনি দয়ালু, দয়া এবং দান-খয়রাতকে পছন্দ করেন। সুতরাং তোমরা পরিষ্কার-পরিচ্ছন্ন থাক।

ইমাম ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ বাক্যে "ं" (ফা) অব্যয়টি বুঝাচ্ছে এটা উহ্য একটি শর্তের জবাবে ব্যবহৃত হয়েছে। তা হচ্ছে : যখন এটা প্রতীয়মান হলো যে, আল্লাহ পবিত্রতাকে পছন্দ করেন, তখন তোমরা যথাসম্ভব পবিত্রতা বজায় রাখবে এবং তোমাদের বাড়ীর আঙিনাকে পরিষ্কার করে রাখবে। এতে বুঝা যায় যে, প্রকৃতপক্ষই সে মেহমানদারীতে পছন্দ করে। কেননা বাড়ীর আঙিনা পরিষ্কার দেখেই বুঝা যায় তার বাড়ীতে মেহমানের আগমন ঘটেছিল।

সালিহ ইবনু আবৃ হাসসান বলেনঃ আমার মনে হয় সা'ঈদ ইবনু মুসাইয়্যাব বলেছেনঃ তোমাদের বাড়ীর আঙিনা এবং ঘরের দরজা জানালা পরিষ্কার করে রাখবে এবং ইয়াহূদীদের সাথে সামঞ্জস্য রাখবে না। অর্থাৎ কৃপণতাবশতঃ আতর সুগন্ধি ব্যবহার না করে, পরিষ্কার-পরিচ্ছন্ন ও পবিত্রতা ত্যাগ করে ইয়াহূদীদের মতো হয়ো না। (তুহফাতুল আহ্ওয়াযী ৭ম খন্ড, হাঃ ২৭৯৯)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন